

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
৩২, বিচারপতি এস.এম. মোর্শেদ সরগি,
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.nanl.gov.bd

স্মারক নম্বর: ৪৩.২৫.০০০০.০১৫.২৫.০০২.১৮.১৭২

তারিখ: ১৬ অগ্রহায়ণ ১৪২৬
০১ ডিসেম্বর ২০১৯

বিষয়: অফিস আদেশ।

কুমিল্লা জেলা কালেক্টরেট রেকর্ডরুম পরিদর্শন এবং জাতীয় আরকাইভসে স্থায়ীভাবে সংরক্ষণযোগ্য ২৫ বছরের উর্ধ্বের পুরাতন নথিপত্র, দলিল, দুপ্তাপ্য গ্রন্থ, পাণ্ডুলিপি ইত্যাদি যাচাই-বাছাই, সংগ্রহ এবং নথি সংরক্ষণ ও ব্যবস্থাপনা বিষয়ে মতবিনিময় সভায় অংশগ্রহণের উদ্দেশ্যে আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরের মহাপরিচালক জনাব ফরিদ আহমদ ভূঁইয়া-এর নেতৃত্বে ০৪ (চার) সদস্যের একটি প্রতিনিধিদল আগামী ০২/১২/২০১৯ তারিখে কুমিল্লা যাবেন এবং ০৪/১২/২০১৯ তারিখ পর্যন্ত কুমিল্লা অবস্থান করবেন। প্রতিনিধিদলের অন্য সদস্যগণ হলেন : ১. জনাব মোঃ হারিছ সরকার, প্রোগ্রামার, ০২. জনাব মোঃ আলী আকবর, সহকারী পরিচালক, ৩. জনাব মোঃ ফজলুল করিম মজুমদার, পরিচ্ছন্নতাকর্মী। ভ্রমণকালীন সময় সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী কাজে নিযুক্ত (On duty) হিসেবে গণ্য হবেন। উল্লেখ্য, উক্ত ভ্রমণে কোন অগ্রিম প্রদান করা হবে না।

২। জাতীয় আরকাইভস আইন, ২০১৩ (অধ্যাদেশ ১৯৮৩) অনুযায়ী কুমিল্লা জেলা কালেক্টরেট রেকর্ডরুমে রক্ষিত ২৫ বছরের উর্ধ্বের পুরাতন নথিপত্র জাতীয় আরকাইভসে স্থায়ী সংরক্ষণের নিমিত্ত যাচাই-বাছাই ও রেকর্ডরুম পরিদর্শন এবং নথি সংরক্ষণ ও ব্যবস্থাপনা বিষয়ে জেলা প্রশাসকের কার্যালয়ে সচেতনতামূলক মতবিনিময় সভা করবেন। উক্ত ভ্রমণের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীগণ বিধি মোতাবেক টিএ/ডিএ প্রাপ্য হবেন। ভ্রমণ শেষে ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে ভ্রমণ প্রতিবেদন দাখিল করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

৩। এই আদেশ জনস্বার্থে জারি করা হলো।



১-১২-২০১৯

ফরিদ আহমদ ভূঁইয়া
মহাপরিচালক

ফোন: ০২-৯১৩৫৭০৯

ফ্যাক্স: ০২-৫৮১৫৩৬৭১

ইমেইল: dg@nanl.gov.bd

বিতরণ :

- ১) জনাব মোঃ হারিছ সরকার প্রোগ্রামার, আইটি শাখা, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর।
- ২) জনাব মোঃ আলী আকবর, সহকারী পরিচালক, সহকারী পরিচালক (সংগ্রহ ও উন্নয়ন) এর দপ্তর, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।
- ৩) জনাব মোঃ ফজলুল করিম মজুমদার, পরিচ্ছন্নতাকর্মী, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।

স্মারক নম্বর: ৪৩.২৫.০০০০.০১৫.২৫.০০২.১৮.১৭২/১(৭)

তারিখ: ১৬ অগ্রহায়ণ ১৪২৬
০১ ডিসেম্বর ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, সচিবালয় ভবন (৩য় ফেজ), সেগুনবাগিচা, ঢাকা।
- ২) উপপরিচালক (আরকাইভস), উপপরিচালক (আরকাইভস) এর দপ্তর, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর।
- ৩) চিফ বিবলিওগ্রাফার/উপপরিচালক, চিফ বিবলিওগ্রাফার/উপপরিচালক এর দপ্তর, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর।
- ৪) বিবলিওগ্রাফার ও ডিডিও, অর্থ ও হিসাব শাখা, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর।
- ৫) হিসাবরক্ষক, অর্থ ও হিসাব শাখা, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর।
- ৬) মহাপরিচালকের একান্ত সহকারী, মহাপরিচালকের দপ্তর, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর।
- ৭) পরিচালকের ব্যক্তিগত সহকারী, পরিচালক এর দপ্তর, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর।



১-১২-২০১৯

তাহমিনা আক্তার
উপপরিচালক (আরকাইভস)